

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।

নম্বর: ৩১.০০.০০০০.০৯১.১১.০০২.২১- ৪৬

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রকল্পে চুক্তিভিত্তিক নিয়োগপত্র

ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন “মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং” প্রকল্পের আওতায় বিগত ১৯ জুন ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৯১.১১.০০২.২১-৪৯৪ নং স্মারকে প্রকাশিত সরাসরি জনবল নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগ কমিটির সুপারিশ এবং পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা-৩, ভূমি মন্ত্রণালয় এর ১৩ মার্চ ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.১৪.২১৫.২০২০(অংশ-১).৭৭ নং স্মারকে প্রাপ্ত অনুমোদনের প্রেক্ষিতে প্রকল্পে নিয়োগের প্রচলিত বিধিবিধান অনুসরণ করে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন (ডিসেম্বর/২০২৫ পর্যন্ত) সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত প্রার্থীকে “মাঠ সংগঠক” পদে নিয়োগ প্রদান করা হলো:


ক্র. নং	নাম ও পিতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
১.	রোকসানা নাসরীন পিতা: আব্দুর রহমান মাতা: রীনা নাসরীন	গ্রাম: সাজনধারা, ডাকঘর: বালিয়াদী, উপজেলা: কালিয়াকৈর, জেলা: গাজীপুর, পোস্ট কোড: ১৭৫০	গ্রাম: সাজনধারা, ডাকঘর: বালিয়াদী, উপজেলা: কালিয়াকৈর, জেলা: গাজীপুর, পোস্ট কোড: ১৭৫০

নিয়োগের শর্তাবলী:

১. বেতন ভাতা: সাকুল্য বেতন- ২৭,১০০/- (সাতাশ হাজার একশত টাকা মাত্র)। এছাড়া সরকার কর্তৃক এতদসংক্রান্ত বিষয়ে অন্য কোনো পরিপত্র/স্মারক জারি করা হলে তাও প্রযোজ্য হবে।
২. প্রকল্পে নিয়োজিত সকল জনবল চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবে এবং সম্পাদিত চুক্তিপত্রই মেয়াদ শেষে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
৩. চাকুরী সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কীয় আচরণ বিধি এবং অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।
৪. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো পক্ষ হতে এক মাসের নোটিশে অথবা এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তিপত্র বাতিল করতে পারবে। তবে চুক্তিপত্র বাতিলের পূর্বে সরকারি পাওনা পরিশোধ করা হবে।
৫. যা এই নিয়োগপত্রে যা উল্লেখ করা হয়নি, তা এবং এরূপ অন্যান্য বিষয়ে প্রকল্পে নিয়োজিত চুক্তিভিত্তিক জনবল অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান এবং ডিপিপি জনবল কাঠামোতে বিদ্যমান শর্তাদির আওতাধীন থাকবে।
৬. পুলিশ ভেরিফিকেশন অথবা আবেদনের সাথে দাখিলকৃত কোন তথ্য মিথ্যা/ভিত্তিহীন প্রমাণিত হলে বা কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে নিয়োগপত্র, যোগদানপত্র এবং চুক্তিপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৭. প্রার্থী কোনো সরকারি/আধা সরকারী/স্বায়ত্তশাসিত দপ্তরে কর্মরত থাকলে উক্ত চাকুরি হইতে অব্যাহতি নেয়া পূর্বক অব্যাহতি পত্র যোগদানের সময় দাখিল করতে হবে।
৮. এ নিয়োগ পত্রের শর্ত ছাড়াও চুক্তিপত্রে উল্লেখিত সকল শর্তাবলী চাকুরীকালীন সময়ে মেনে চলতে হবে।
৯. উপর্যুক্ত শর্তাবলীতে সম্মত হলে আগামী ৩১ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্পের কার্যালয়, ভূমি ভবন (১৩ তলা), ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা এ যোগদান করতঃ চুক্তিপত্র সম্পাদন করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদান ও চুক্তিপত্র সম্পাদন করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১০. যোগদানের নিমিত্ত আসার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


২৩.০৩.২০২৪

(মোঃ কফিল উদ্দিন)

প্রকল্প পরিচালক (অব: অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২ ৪১০২৫৫৮৬।

ই-মেইল: pdlandzoning@minland.gov.bd

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নিয়োগপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. জনাব রোকসানা নাসরীন
৮. অফিস কপি/মাস্টার কপি